শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং- ৪৬.০৪৫.০২২.১০.৩৫.০৩৫.২০১৬-১৩৫

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৭
২৮ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: Center for Environmental and Geographic Information Services (CEGIS) এবং Climate Change Adaptation and Mitigation- বিষয়ক কনসোর্টিয়ামকে সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

সূত্র: (১) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ডি ও নং-১৭, তারিখ: ০২/০২/২০২১
(২) স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং-২১২, তারিখ: ১৪/০২/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় হতে প্রাপ্ত আধা-সরকারি পত্রটি এতদসাথে প্রেরণ করা হলো। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক Center for Environmental and Geographic Information Services (CEGIS) এবং Climate Change Adaptation and Mitigation- বিষয়ক কনসোর্টিয়ামকে সহযোগিতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ২ (দুই) পৃষ্ঠা।

২৮/০২/২১
(মোহাম্মদ সামছুল হক)
উপসচিব
ফোন: ৯৫৭৭২৩০
e-mail: lgd.upazila2@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার (সকল)
-----------------------------------।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। বিভাগীয় কমিশনার (সকল),-------------------------।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক (সকল), -----------------------------।
৪। উপসচিব (প্রশাসন-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল),-----------------------।
৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

D:\PC-1\Letter.Docx

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০২১. ২০১৭- ২৭২ তারিখঃ ০১ ফাল্গুন ১৪২৭ / ১৪ ফেব্রুয়ারি ২০২১

বিষয়ঃ Center for Environmental and Geographic Information Services (CEGIS) এবং Climate Change Adaptation and Mitigation- বিষয়ক কনসোর্টিয়ামকে সহযোগিতা প্রদান।

সূত্রঃ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ০২/০২/২০২১ তারিখের ২২.০০.০০০০.০৮৭.১৬.০০১.২১.১৭ নং আধা-সরকারি পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় হতে প্রাপ্ত আধা-সরকারি পত্রটি এতদসংগে প্রেরণ করা হল। উক্ত পত্রের নির্দেশনা মোতাবেক Centre for Environmental and Geographic Information System (CEGIS) নেতৃত্বাধীন Climate Change Adaptation and Mitigation- বিষয়ক কনসোর্টিয়ামকে সহযোগিতা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১৪/০২/২০২১

এ কে এম মিজানুর রহমান
উপসচিব
ফোন- ৯৫৭৫৫৭৩
E-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণ (স্থানীয় সরকার বিভাগ):

১। উপসচিব (পৌর-১/পৌর-২/উপজেলা-২/মনিটরিং-১/জেলা পরিষদ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
২। সিনিয়র সহকারী সচিব (ইউনিয়ন পরিষদ-১/উপজেলা-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।

দপ্তর/সংস্থা/স্থানীয় সরকার প্রতিষ্ঠান:

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা/রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
৩। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৫। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/খুলনা ওয়াসা/রাজশাহী ওয়াসা।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/নারায়নগঞ্জ/কুমিল্লা/রংপুর/ময়মনসিংহ সিটি কর্পোরেশন।

অনুলিপিঃ

১। সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

উপজেলা-২ শাখা
ডায়েরী নং.........
তারিখ.........
সিঃ সহকারী সচিব/উপসচিব

A/O
22/02/21

সচিব
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

Secretary
Ministry of Environment, Forest and Climate Change
Govt. of the People's Republic of Bangladesh
Bangladesh Secretariat, Dhaka-1000

আধা সরকারি পত্র নং- ২২.০০.০০০০.০৮৭.১৬.০০১.২১. ৬৭

তারিখঃ ০২ ফেব্রুয়ারি ২০২১ খ্রিঃ

প্রিয় মহোদয়,

আপনার অবগতির জন্য জানাচ্ছি যে, বিগত ২০১৫ সালে বাংলাদেশ United Nations Framework Convention on Climate Change (UNFCCC) নির্দেশিকা অনুসারে গ্রিন হাউজ গ্যাসের (GHG) নিঃসরণের মাত্রা ২০৩০ সাল নাগাদ কমিয়ে আনার লক্ষ্যে পরিকল্পনা Intended Nationally Determined Contributions (INDC) পেশ করেছে। এছাড়া ২০১৫ সালের প্যারিস চুক্তির আর্টিকেল ৪ প্যারা ৯ অনুযায়ী সকল দেশ প্রতি পাঁচ বছর অন্তর Nationally Determined Contributions (NDC) হালনাগাদ প্রতিবেদন তৈরি করবে। উল্লেখ্য, বাংলাদেশ ইতোমধ্যে অন্তর্বর্তীকালীন Updated NDC গত ৩১ ডিসেম্বর ২০২০ তারিখে দাখিল করেছে।

বাংলাদেশ সরকার দেশের উন্নয়ন প্রক্রিয়ার সাথে সঙ্গতি রেখে বিভিন্ন নীতি নির্ধারণী দলিলসমূহে (Documents) ইতোমধ্যে জলবায়ু পরিবর্তনের প্রভাব প্রশমন এবং এর সাথে খাপ খাওয়ানোর বিষয়সমূহ সন্নিবেশিত করেছে। আপনি আরো অবগত আছেন যে, ৪৮টি দেশের সমন্বয়ে গঠিত Climate Vulnerable Forum (CVF) এর চেয়ার হিসেবে বাংলাদেশের মাননীয় প্রধানমন্ত্রী বিগত জুন ২০২০ থেকে দায়িত্ব পালন করে আস্‌ছেন। উক্ত ফোরামের চেয়ার হিসেবে মাননীয় প্রধানমন্ত্রী 'Mujib Climate Prosperity Plan' শীর্ষক একটি বিশদ কর্মপরিকল্পনা গ্রহণ করেছেন। এটিই হচ্ছে CVF এর প্রথম পরিকল্পনা যা একটি কৌশলগত বিনিয়োগের ফ্রেমওয়ার্ক হিসেবে আর্ন্তজাতিক সহযোগিতার মাধ্যমে তহবিল যোগানের কাজ করবে। এ প্রাপ্ত তহবিলের কাজ হবে নবায়নযোগ্য জ্বালানী ও জলবায়ু সহিষ্ণু পরিকল্পনার বাস্তবায়ন।

এছাড়া NDC পর্যালোচনা ও হালনাগাদ করার লক্ষ্যে UNDP এর আর্থিক সহযোগিতায় পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ ট্রাষ্টি প্রতিষ্ঠান Center for Environmental and Geographic Information Services (CEGIS) এর নেতৃত্বাধীন ৬টি প্রতিষ্ঠানের সমন্বয়ে একটি বিশেষজ্ঞ দলকে নিয়োগ প্রদান করা হয়েছে। কার্বন নিঃসরণ প্রশমিতকরণ ও জলবায়ু সহিষ্ণু পরিকল্পনার গুরুত্ব অনুধাবন করত জাতিসংঘের উন্নয়ন কর্মসূচির আওতায় বাংলাদেশ সরকারের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ইতোমধ্যে NDC পর্যবেক্ষণ ও হালনাগাদ করার লক্ষ্যে ২৮ সদস্য বিশিষ্ট একটি উপদেষ্টা কমিটি গঠন করেছে। NDC পর্যবেক্ষণ ও হালনাগাদকরণ বাস্তবায়নে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা ও বিশেষজ্ঞ দলের মধ্যে সমন্বয়, Strategic guidance প্রদান, দাতা সংস্থা ও সরকারি অর্থায়নে পরিচালিত Climate Change Adaptation and Mitigation সংক্রান্ত প্রকল্প সমূহ ও কর্মসূচির সমন্বয় সাধন করা হবে। এছাড়াও উপদেষ্টা কমিটি এবং কনসোর্টিয়ামকে কারিগরি সহায়তা প্রদানের লক্ষ্যে অতিরিক্ত সচিব (জলবায়ু পরিবর্তন অনুবিভাগ) এবং মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর-কে সভাপতি করে ২টি টেকনিক্যাল ওয়ার্কিং গ্রুপ (TWG) গঠন করা হয়েছে।

২০১৫ সালের প্যারিস চুক্তির আওতায় জলবায়ু সহিষ্ণু কার্যক্রম সহ বিভিন্ন বিষয়াদি বাংলাদেশের NDC এর হালনাগাদ প্রতিবেদনে সন্নিবেশিত হবে। এছাড়া গ্রিন হাউজ গ্যাস নিঃসরণের মাত্রা কমানোর রূপরেখাও এ প্রতিবেদনে অন্তর্ভুক্ত থাকবে। এলক্ষ্যে সিইজিআইএস (CEGIS) এর নেতৃত্বে গঠিত প্রতিষ্ঠানসমূহের বিশেষজ্ঞগণের সংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন দাপ্তরিক নির্ভরযোগ্য তথ্য-উপাত্তের প্রয়োজন হবে। প্রসঙ্গত, এ কার্যক্রম বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয় এবং এর অধীনস্থ সংস্থা ও প্রতিষ্ঠানসমূহ থেকে তথ্য-উপাত্ত সংগ্রহ করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

এমতাবস্থায় সিইজিআইএস এর নেতৃত্বাধীন কনসোর্টিয়ামকে সার্বিক সহযোগিতা প্রদান করার জন্য আপনাকে সবিনয় অনুরোধ জানাচ্ছি। এ লক্ষ্যে আপনার মন্ত্রণালয়ের অধীনস্থ সংস্থা/প্রতিষ্ঠানসমূহকে সংশ্লিষ্ট বিষয়ের নির্ভরযোগ্য তথ্য-উপাত্ত বিশেষজ্ঞ দলকে সরবরাহের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ জানানো হলো।

বাংলাদেশ সরকারের NDC পর্যালোচনা ও হালনাগাদ করার কাজে আপনার সর্বাত্মক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

ডায়েরি নং- ৬৪৭
তারিখ- ০৭/০২/২০২১
প্রশাসনিক কর্মকর্তা (প্রশাসন-১)
উপসচিব (প্রশাসন-১)

স্থানীয় সরকার বিভাগ
সিনিয়র সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্মসচিব
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
১) প্রশাসন
২) নগর উন্নয়ন
৩) উন্নয়ন
৪) পানি সরবরাহ (পাস)
৫) উপজেলা অধিশাখা
৬) ইউপি অধিশাখা
৭) অডিট অধিশাখা
৮) আইন অধিশাখা
ডায়েরি নম্বর: ০৮/০২/২১
স্বাক্ষর

প্রশাসন-১/২/জেপ/স ও কা
নম্বর ১৩৫৬ তারিখ ৯/২/২১
যুগ্মসচিব (প্রঃ)

জিয়াউল হাসান এনডিসি

স্থানীয় সরকার বিভাগ
প্রাপ্তির তারিখ: ০৮/০২/২১
নম্বর: ৩৭২৪

জনাব হেলালুদ্দীন আহমদ
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।